গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ শাখা
www.lgd.gov.bd

**স্মারক নম্বর:** ৪৬.০০.০০০০.০২০.০৪.১১২.২৪.৭৬৯

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **রিট পিটিশন নং ৪৩৫৬/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৪৩৫৬/২০২৪-এর ২২/০৪/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলাধীন ৫নং কালমেঘা ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে নির্বাচনে মোঃ আইউব আলী-কে বিজয়ী ঘোষণা করা হয়। অপর প্রার্থী মোঃ গোলাম ছগির উক্ত ভোট পুনঃগণনার প্রার্থনার্থে ইলেকশন পিটিশন কেস নং ০৭/২০২১ দায়ের করেন। এ নির্বাচনী মোকদ্দমার আদেশের বিরুদ্ধে মোঃ আইউব আলী ইলেকশন আপিল নং-০২/২০২৩ দায়ের করেন। এ আপীল আবেদন নামঞ্জুর ও নির্বাচনী মোকদ্দমার আদেশ বহাল হওয়ায় পিটিশনার সংক্ষুব্ধ হয়ে রিট পিটিশন নং ৪৩৫৬/২০২৪ দায়ের করেন। বিবেচ্য মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং জেলা প্রশাসক, বরগুনা-কে ৩নং প্রতিপক্ষসহ মোট ০৯(নয়) জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৪৩৫৬/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে................পাতা।

২৯-০৮-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব
০২৫৫১০০৯৯৫
lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা।

**স্মারক নম্বর:** ৪৬.০০.০০০০.০২০.০৪.১১২.২৪.৭৬৯/১(৪)

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
২। সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ;
৩। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ এবং
৪। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।



২৯-০৮-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব